



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ সড়ক পরিবহন কর্তৃপক্ষ (বিআরটিএ)
সদর কার্যালয়, বিআরটিএ ভবন
নতুন বিমানবন্দর সড়ক, বনানী, ঢাকা।
www.brta.gov.bd



ফিটনেস অনুপযোগী মোটরযান চালনার উপর বিধিনিষেধ সংক্রান্ত জরুরি বিজ্ঞপ্তি

এতদ্বারা সংশ্লিষ্ট মোটরযান মালিক ও মোটরযান চালকদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, সড়ক পরিবহন আইন, ২০১৮ এর ধারা ২৪(১) অনুযায়ী কোনো ব্যক্তি আইনের পরিপন্থি কোনো কার্য সম্পাদন করলে কর্তৃপক্ষ কর্তৃক সংশ্লিষ্ট মোটরযানের রেজিস্ট্রেশন স্থগিত বা, ক্ষেত্রমত, বাতিল করার বিধান রয়েছে। সড়ক পরিবহন আইন, ২০১৮ এর ধারা ২৫ অনুযায়ী মোটরযান ফিটনেস সনদ ব্যতীত বা মেয়াদ উত্তীর্ণ ফিটনেস সনদ ব্যবহার করে বা ইকনোমিক লাইফ অতিক্রান্ত বা ফিটনেসের অনুপযোগী, ঝুঁকিপূর্ণ বা ক্ষতিগ্রস্ত, রংচটা, কর্তৃপক্ষের অনুমোদন ব্যতীত নির্ধারিত রং পরিবর্তন করে জরাজীর্ণ, বিবর্ণ বা পরিবেশ দূষণকারী কোনো মোটরযান চালনা বা চালনার অনুমতি প্রদান করা যাবে না। উক্ত আইনের ধারা ৭৫ অনুযায়ী “যদি কোনো ব্যক্তি ২৫ এর বিধান লঙ্ঘন করেন, তা হলে উক্ত লঙ্ঘন হবে একটি অপরাধ, এবং তজ্জন্য তিনি অনধিক ০৬(ছয়) মাসের কারাদন্ড, বা অনধিক ২৫(পঁচিশ) হাজার টাকা অর্থদন্ড, বা উভয় দন্ডে দন্ডিত হবেন”।

২। ইদানিং লক্ষ্য করা যাচ্ছে যে, ফিটনেস সনদ ব্যতীত বা ফিটনেস অনুপযোগী মোটরযান চালনার কারণে সড়ক, মহাসড়কে দুর্ঘটনার সংখ্যা বৃদ্ধি পাচ্ছে। আইন বহির্ভূত এ ধরনের কার্যক্রমের কারণে মানুষের মূল্যবান জীবনহানি হচ্ছে ও অজ্ঞান হয়ে আজীবনের জন্য পশ্চাত্তরণ করছেন।

৩। এমতাবস্থায়, ফিটনেস অনুপযোগী মোটরযান সড়কে চালনা না করা বা চালনার অনুমতি প্রদান না করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো। অন্যথায়, সংশ্লিষ্ট মোটরযান মালিক ও চালকের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

বিআরটিএ